

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd


স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০০২.২৩.৬১

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ ভ্যাকেশন বিভাগের আওতায় থাকার বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি-০৮(১)(এ) অনুযায়ী অবকাশ বিভাগের স্থায়ী কর্মে নিয়োজিত কোন সরকারি কর্মচারী পূর্ণ অবকাশ ভোগ করলে উক্ত বৎসরের কর্মকালের জন্য গড় বেতনে ছুটি প্রাপ্য না হওয়ায় কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক কর্মচারীগণের পূর্ণ পেনশন প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ ভ্যাকেশন বিভাগের আওতায় থাকবে কি না, এ বিষয়ে মতামত প্রয়োজন।

০২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ ভ্যাকেশন বিভাগের আওতায় থাকার বিষয়ে যৌক্তিকতা ও সুবিধা-অসুবিধাসহ জরুরী ভিত্তিতে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।


৩০-০৬-২০২৬
মোঃ জয়নাল আবেদীন
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, বরিশাল ও ফরিদপুর)।
- ৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ৪। অধ্যক্ষ (সকল), সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট।
- ৫। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০০২.২৩.৬১/১ (২)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, consisting of a large loop followed by a horizontal line and a vertical stroke.

৩০-০৬-২০২৬

মোঃ জয়নাল আবেদীন
পরিচালক